

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-২ অধিশাখা
www.mohfw.gov.bd

৪৫.১৪৩.১১৬.০০.০০.০১৫.২০১৩- ১৪৫

তারিখঃ ০৯/০৩/২০১৪

বিষয়ঃ অনুপস্থিতির সময়কালকে নিয়মিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের ৩১/০৩/২০১৩ তারিখের ডিজিএইচএস/পার-২/এম-১০৭/০৮/৩৮৭৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাঃ মুর্শিদা আক্তার (১০০২৮৯৬), ইএমও, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সীগঞ্জ এর অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি নিষ্পত্তির জন্য মন্ত্রণালয়ের শৃংখলা শাখায় প্রেরণ করা হয়েছে। শৃংখলা শাখা হতে উক্ত কর্মকর্তার বিষয়ে নিম্নোক্ত বিষয়াদি স্পষ্টীকরণের জন্য অনুরোধ করা হয়েছেঃ

(ক) ডাঃ মুর্শিদা আক্তার (১০০২৮৯৬) এর অনুকূলে প্রদত্ত অসুস্থতার সনদ কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দেওয়া হয়েছে?

(খ) সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত বোর্ড কর্তৃক ০৬/১/২০১২ তারিখে প্রদত্ত প্রতিবেদনে ডাঃ মুর্শিদা আক্তার (১০০২৮৯৬) কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন সে বিষয়ে সুস্পষ্ট কোন মতামত দেয়া হয়নি।

(গ) স্বাস্থ্য অধিদপ্তরের ৩১/০৩/২০১৩ তারিখের ডিজিএইচএস/পার-২/এম-১০৭/০৮/৩৮৭৪ স্মারকে উক্ত কর্মকর্তার কর্মকাল নিয়মিতকরণের যৌক্তিক কোন কারণ উল্লেখ করা হয়নি।

এমতাবস্থায়, ডাঃ মুর্শিদা আক্তার (১০০২৮৯৬) এর বিষয়টি নিষ্পত্তির স্বার্থে উল্লিখিত বিষয়াদি সম্পর্কে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্পষ্টীকরণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হল।

০৯/০৩/২০১৪

মোঃ হুমায়ূম কবীর

উপসচিব (পার-২)

ফোনঃ ৯৫৪০৪৪৮

dsper2@mohfw.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর,

মহাখালী, ঢাকা

(দৃঃআঃ- পরিচালক, প্রশাসন)

অনুলিপিঃ

১। ডাঃ মুর্শিদা আক্তার (১০০২৮৯৬), ইএমও, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সীগঞ্জ।